

বাংলাদেশ ব্যাংক
(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।
www.bb.org.bd

এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ ডিপার্টমেন্ট

এসএমইএসপিডি সার্কুলার লেটার নং-১৩

কার্তিক ১৬, ১৪২৭
তারিখঃ-----
নভেম্বর ০১, ২০২০

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান

**নডেল করোনা ভাইরাস (COVID-19) এর প্রাদুর্ভাবের কারণে সিএমএসএমই
(CMSME) খাতের জন্য বিশেষ খণ্ড/বিনিয়োগ সুবিধা প্রসঙ্গে।**

শিরোনামোক্ত বিষয়ে সেপ্টেম্বর ০৩, ২০২০ তারিখে জারিকৃত এসএমইএসপিডি সার্কুলার লেটার নং-০৮ এর প্রতি
আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। সুত্রোল্লিখিত সার্কুলার লেটার এর ৪ নং অনুচ্ছেদে এ মর্মে উল্লেখ করা হয়েছিল যে, “ফলপ্রসূ পদক্ষেপ গ্রহণের
মাধ্যমে সকল ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহকে প্রগোদ্ধনা প্যাকেজের আওতায় তাদের জন্য নির্ধারিত খণ্ড/বিনিয়োগ
বিতরণ লক্ষ্যমাত্রা আগামী অক্টোবর ৩১, ২০২০ তারিখের মধ্যে অর্জন নিশ্চিত করতে হবে।”

০৩। কিন্তু ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানসমূহ থেকে প্রাপ্ত তথ্য বিশেষণে দেখা যাচ্ছে যে, কিছু ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান
নির্ধারিত লক্ষ্যমাত্রা অনুযায়ী খণ্ড/বিনিয়োগ বিতরণে সক্ষম হলেও কিছু কিছু ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান তা অর্জনে ব্যর্থ
হয়েছে। ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানসমূহের উক্ত ব্যর্থতার ফলে সিএমএসএমই খাতে কাঞ্চিত উৎপাদন ও সেবা প্রসার
বাধাগ্রস্ত হচ্ছে। ফলে কর্মবল বহালসহ সার্বিক অর্থনৈতিক কর্মকাণ্ড ক্ষতিগ্রস্ত হচ্ছে।


০৪। বর্ণিত বিষয়াবলি বিবেচনায় COVID-19 এর বিরূপ প্রভাব মোকাবেলা করা এবং সিএমএসএমই খাতের
ক্ষতি কাটিয়ে উঠার লক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রী ঘোষিত ২০,০০০ কোটি টাকার বিশেষ সিএমএসএমই খণ্ড/বিনিয়োগ
প্রগোদ্ধনা প্যাকেজ সুষ্ঠু ও সফলভাবে বাস্তবায়ন নিশ্চিত করার নিমিত্তে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের জন্য নির্ধারিত
খণ্ড/বিনিয়োগ বিতরণ লক্ষ্যমাত্রা বাস্তবায়নের সময়সীমা অক্টোবর ৩১, ২০২০ হতে বর্ধিত করে নভেম্বর ৩০, ২০২০
তারিখ পর্যন্ত পুনঃনির্ধারণ করা হলো।

০৫। এতদ্যুতীত উক্ত সার্কুলার লেটারে বর্ণিত অন্যান্য নির্দেশনাবলী অপরিবর্তিত থাকবে।

০৬। এ নির্দেশ অবিলম্বে কার্যকর হবে।

০৭। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,



(ভসনে আরা শিখা)
মহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৩০৫০২